

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

তারিখঃ ০৫/০৭/২০০৭ খ্রি

সার্কুলার নং- ৪এ,

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র কোর্টের ২৪/৭/২০০০ খ্রি তারিখের ১৭-জি নং সার্কুলারের মাধ্যমে আদালত চলাকালীন পুরো সময়ের সদব্যবহার পূর্বক মোকদ্দমা নিষ্পত্তির হার বৃদ্ধি করিবার জন্য এবং ২৮/৮/২০০০ খ্রি তারিখের ২৯-জি নং সার্কুলারের মাধ্যমে আদালতের নির্ধারিত সময় সূচী অনুযায়ী বিচারকার্য সম্পন্ন করিবার ক্ষেত্রে নির্দিষ্ট সময়ের পূর্বে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ ও কর্মস্থলের বাহিরে অবস্থান না করিবার জন্য অধস্তন আদালতের বিচারকগণ-কে নির্দেশ প্রদান করা হইয়াছিল।

সম্প্রতি লক্ষ্য করা যাইতেছে যে, নিম্ন আদালতের অনেক বিচারক সময়মত এজলাসে উঠেন না এবং নির্দিষ্ট সময়ের আগেই এজলাস হইতে নামিয়া যান অর্থাৎ বিচার কার্যের জন্য নির্ধারিত পুরো সময়ের সদব্যবহার করেন না। এমনকি অফিস চলাকালীন সময়ে সুপ্রীম কোর্টের প্রশাসনিক কাজে ফোন করিয়াও অনেক বিচারককে কর্মস্থলে পাওয়া যায় না। ইহা ছাড়া শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি থাকায় বৃহস্পতিবার আদালতের বিচার কার্যের সময়সীমা শেষ হইবার পূর্বেই বিচারকগণের মধ্যে কেহ কেহ বিনা অনুমতিতেই কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটির দিন কর্মস্থলের বাহিরে অবস্থান করিয়া রবিবার বিলম্ব কর্মস্থলে যোগদান করেন। যাহা অত্র কোর্টের ২৪/৭/২০০০ খ্রি তারিখের ১৭-জি ও ২৮/৮/২০০০ খ্রি তারিখের ২৯-জি নং সার্কুলারের পরিপন্থী।

এখন হইতে বিচারকগণ-কে নির্দিষ্ট সময়ে এজলাসে উঠিবার, নির্দিষ্ট সময়ের পূর্বে এজলাস ত্যাগ না করিবার, বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ ও কর্মস্থলের বাহিরে অবস্থান না করিবার, সাপ্তাহান্তে রবিবার কর্মস্থলে যোগদানে বিলম্ব না করিবার এবং বিচারকার্যের জন্য নির্ধারিত সময়ের পূর্ণ সদব্যবহার করিয়া মোকদ্দমা নিষ্পত্তির হার বৃদ্ধি করিবার জন্য নির্দেশ প্রদান করা হইল।

আদেশক্রমে

স্বা/-

(ইকতেদার আহমেদ)

রেজিস্ট্রার